

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Strengthening Ability of Fire
Emergency Response (SAFER)” শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার
কার্যবিবরণী:

সভাপতি	মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী সচিব
সভার তারিখ	০৬/১২/২০২২
সভার সময়	দুপুর ১২:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রথমে তিনি পূর্ববর্তী প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণীর বিষয়ে কারও কোন মতামত থাকলে তা জানানোর অনুরোধ করেন; কারও কোন মতামত না থাকায় সেটি দৃষ্টিকরণ করা হয়। অতঃপর তিনি প্রকল্প পরিচালক কে এজেন্ডা অনুযায়ী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, বৈদেশিক কারিগরি সহায়তায় প্রকল্পটি অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মেয়াদে ৮০.৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের অক্টোবর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৪৮.১৭ কোটি টাকা। এ প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৯.৭৫% এবং ভৌত অগ্রগতি ১০০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে ‘সি’ ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ২৫.৯১ কোটি টাকা এবং প্রকল্পটি ‘সি’ ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ ছাড় করা সম্ভব হয়নি বিধায় কোন ব্যয় হয়নি।

প্রকল্প পরিচালক বলেন যে, দুইটি ভবনের কাজ সম্পন্ন হয়েছে। কোরিয়া থেকে সরঞ্জামাদি আনা হয়েছে এবং স্থাপনের কাজ চলমান আছে। তিনি বলেন যে, করোনা-কালীন সময়ে কোরিয়াতে প্রশিক্ষণার্থীগণ হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণ করতে পারেনি। কোরিয়াতে তাদের হাতে কলমে আরো প্রশিক্ষণ প্রয়োজন। সঠিক প্রশিক্ষণ ছাড়া কন্ট্রোল সিস্টেম শতভাগ পরিচালনা করা সম্ভব নয়। তিনি আরো বলেন যে, প্রকল্পের অবকাঠামোগত কাজ শেষ হলেও দক্ষ জনবল ব্যতীত প্রকল্পের উদ্দেশ্য সফল হবে না। তাই দক্ষ জনবল গড়ে তোলার জন্য প্রকল্পের মেয়াদ আরো ছয় মাস থেকে একবছর বৃদ্ধি করা প্রয়োজন। সভাপতি বলেন যে, প্রকল্পের অবকাঠামো নির্মাণের কাজ সমাপ্ত হওয়ায় এবং সরঞ্জাম সংগ্রহের কাজ শেষ পর্যায়ে থাকায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যুক্তিযুক্ত হবে না বরং ইতোমধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত বিভাগীয় জনবল দ্বারা প্রকল্পটি বুঝে নিয়ে কার্যক্রম চালিয়ে যেতে হবে। সেই সাথে দ্রুততম সময়ের মধ্যে প্রকল্পের জন্য নির্ধারিত জনবলের পদ সৃজন, জনবল নিয়োগ ও প্রশিক্ষণ সমাপ্ত করার পদক্ষেপ নিতে হবে।

০৩। সভাপতি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণপূর্বক মানসম্মতভাবে ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন

করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। প্রকল্পের ভৌত নির্মাণকাজ এবং হার্ডওয়্যার ও সফটওয়্যার এর কাজ মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরসহ সংশ্লিষ্টদের তদারকি করার জন্য পরামর্শ দেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) ইমার্জেন্সী রেসপন্স সিস্টেম এর কার্যকারিতা সম্পর্কে ৪০ জন প্রশিক্ষার্থীকে কোরিয়াতে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রকল্প পরিচালক সহযোগী সংস্থা KOICA এর সঙ্গে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করবেন;


(খ) ইতোপূর্বে দক্ষিণ কোরিয়া ও স্থানীয়ভাবে প্রশিক্ষণ প্রাপ্ত জনবল দিয়েই কন্ট্রোল সিস্টেম চালু রাখতে হবে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হবে না। প্রকল্পে নির্ধারিত জনবল কাঠামো মোতাবেক পদ সৃজন, নিয়োগ ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) প্রকল্পে সংস্থানকৃত সফটওয়্যার ও হার্ডওয়্যার পরিচালনার জন্য অধিদপ্তরের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে;

(ঘ) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে সিডি-ভ্যাটের টাকা সমন্বয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঙ) দক্ষিণ কোরিয়া থেকে আনীত সরঞ্জামাদি দ্রুত ও যথাযথভাবে স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে;

০৫। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী

সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০৪৯.২১.২৩৫


তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯

১৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৩) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৫) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

- ৭) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ৮) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৯) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ১০) প্রকল্প পরিচালক (সেফার প্রকল্প), সেফার প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
- ১১) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ১৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশারফ হোসেন

উপসচিব